

# মাগো আমার সকলি ভ্রান্তি ।

মিথ্যা জগতে, মিথ্যা মমতা;  
মরু-ভূমি শুধু করিতেছে ধু ধু!  
হেথা কেবলি পিয়াসা কেবলি শ্রান্তি  
যবে, অরুণ-কিরণে নব দিবা জাগে,  
ফোটে নব ফুল, নব অনুরাগে,  
ভুলি মা তখন কি কাল ভীষণ  
আঁধারে ডুবিবে কনক-কান্তি ।  
পুত্র-পরিজনে হয়ে পরিবৃত,  
ভাবি, এ আনন্দ অনন্ত, অমৃত;  
মনে নাহি হয়, মরণ সময়  
হৃদয়বান্ধবা বিমুখা যান্তি ।  
দিনে দিনে দীনের ফুরাইল দিন,  
দীনতারা, ঘুচাও দীনের দুর্দিন,  
'আশা' রূপে মাগো, নিরাশ প্রাণে জাগো,  
দিয়ে ও চরণ, অক্ষয়শক্তি